# এইচএসসি পরীক্ষা ২০২১ এ অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

**বিষয়: হিসাব বিজ্ঞান নীতি ও প্রয়োগ - ১** **বিষয় কোড: ১৮১৫** **শ্রেণি-একাদশ** **স্তর: এইচএসসি (বিএম)**

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/ পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) |
|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট নম্বর - ৪ | ১. "নগদান বই জাবেদা ও খতিয়ান উভয়ই" উদাহরসহ ব্যাখ্যা কর।<br>২. নিম্নোক্ত লেনদেনগুলি হতে একটি দু'ঘরা নগদান বই প্রস্তুত কর এবং উহার উদ্বৃত্তকরণ দেখাও ঃ<br>২০১৯ ইং<br>জুলাই-১, নগদ উদ্বৃত্ত ১৬,০০০ টাকা ও ব্যাংক জমা ১০,০০০ টাকা।<br>জুলাই-২, পরেশ এর নিকট হতে ৫০০ টাকা একটি চেক ও নগদ ১,০০০ টাকা পাওয়া গেল।<br>জুলাই-১০, আজিমকে ১,৫০০ টাকার একটি চেক ও নগদে ১,২০০ টাকা দেয়া হল।<br>জুলাই-১২, মাল ক্রয় নগদে ২,০০০ টাকা ও চেকে ১,০০০ টাকা দেয়া হল।<br>জুলাই-১৭, নগদে আসবাবপত্র ক্রয় করা হল ৩,০০০ টাকা।<br>জুলাই-১৮, চেকের বিনিময়ে বিক্রয় করা হল ৪,০০০ টাকা।<br>জুলাই-২০, শরীফের নিকট হতে ৬,০০০ টাকার একটি চেক পেয়ে সঙ্গে সঙ্গে ব্যাংকে জমা দেয়া হল।<br>জুলাই-২২, ব্যাংকে টাকা জমা দেয়া হল ১,০০০ টাকা।<br>জুলাই-২৩, চেকে বাড়িভাড়া ২০০ টাকা ও নগদে ৩০০ টাকা বীমা ভাতা প্রদান করা হল।<br>জুলাই-২৫, ব্যাংক হতে অফিসের জন্য ১,৫০০ টাকা ও মালিকের ব্যক্তিগত প্রয়োজনে ৫০০ টাকা<br>উত্তোলন করা হল।<br>জুলাই-২৬, বিক্রয়লব্ধ অর্থ সরাসরি ব্যাংকে দেয়া হল ১,০০০ টাকা।<br>জুলাই-২৮, ব্যাংক সুদ মওকুফ করল ২৫০ টাকা ও চার্জ কর্তন করল ৫০ টাকা।<br>জুলাই-৩১, সমাপনী নগদ উদ্বৃত্তের অর্ধেক টাকা ব্যাংকে জমা দেয়া হল।<br>করণীয় ঃ দু'ঘরা নগদান বই প্রস্তুত কর। | অধ্যায় ৫:<br>নগদ নিয়ন্ত্রণ | • নগদান বই এর ব্যাখ্যা করতে হবে।<br>• লেনদেনের ব্যাখ্যা করতে হবে।<br>• বিপরীত দাখিলা নির্ণয় ব্যাখ্যা করতে হবে।<br>• নগদ ও ব্যাংক উদ্বৃত্ত নির্ণয় করতে হবে। | (নিচের রুব্রিক্স দেখুন) |

| পারদর্শিতার মান / নম্বর | | | | | স্কোর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| নির্দেশনা | ৪ | ৩ | ২ | ১ | | |
| নগদান বই | উদাহরণসহ "নগদান বই জাবেদা ও খতিয়ান উভয়ই" সঠিকভাবে ব্যাখ্যা করলে | উদাহরণসহ "নগদান বই জাবেদা ও খতিয়ান উভয়ই" ব্যাখ্যা করলে | উদাহরণসহ ছাড়া "নগদান বই জাবেদা ও খতিয়ান উভয়ই" সঠিকভাবে ব্যাখ্যা করলে | "নগদান বই জাবেদা ও খতিয়ান উভয়ই" সম্পর্কে আংশিক লিখলে | | |
| নগদ ও ব্যাংক সংক্রান্ত লেনদেন | নগদ ও ব্যাংক সম্পর্কে উদাহরণসহ নিভুলভাবে বিস্তারিত লিখলে | নগদ ও ব্যাংক সম্পর্কে উদাহরণসহ নিভুলভাবে লিখলে | নগদ ও ব্যাংক সম্পর্কে ধারণা দিলে | নগদ ও ব্যাংক সম্পর্কে আংশিক ধারণা দিলে | | |
| বিপরীত দাখিলা | বিপরীত দাখিলা নির্ভুলভাবে নির্ণয় করলে | বিপরীত দাখিলা আংশিক নির্ণয় করলে | বিপরীত দাখিলা ভুলভাবে নির্ণয় করলে | বিপরীত দাখিলার ধারণা দিলে | | |
| নগদ ও ব্যাংক উদ্বৃত্ত নির্ণয় | নগদ ও ব্যাংক উদ্বৃত্ত নির্ভুলভাবে নির্ণয় করলে | যে কোন একটি উদ্বৃত্ত নির্ণয় করলে | কোন উদ্বৃত্ত নির্ণয় না করলে | নগদ ও ব্যাংক উদ্বৃত্ত ভুল নির্ণয় করলে | | |
| | | | | মোটঃ- | | |

বি:দ্র: বরাদ্দকৃত নম্বর:- যথাযথ/ পূর্ণাঙ্গ = ৮০% - ১০০% সঠিক, অধিকাংশ = ৭০% - ৭৯% সঠিক এবং আংশিক =৫০% -৬৯% সঠিক।

**অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর:-১৬**

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩-১৬ | অতিউত্তম |
| ১১ - ১২ | উত্তম |
| ০৮ - ১০ | ভালো |
| ০৭ বা ০৭ এর কম | অগ্রগতি প্রয়োজন |